

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট(নিপোর্ট)  
১৩/এ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা।  
[www.niport.gov.bd](http://www.niport.gov.bd)

স্মারক নং-৫৯.১২.০০০০.০০১.২৩.১১১.১৯-৭৯৪

তারিখ ২২শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ  
০৬আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতিঃ সুশান্ত কুমার সাহা, মহাপরিচালক ও অতিরিক্ত সচিব, নিপোর্ট, ঢাকা।

সভার স্থানঃ নিপোর্টের সভাকক্ষ

সভার তারিখ ও সময়ঃ ০৬.০৮.২০২০খ্রি., বেলা ১২.০০ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট ক দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানান এবং বঙ্গবন্ধু ও তার পরিবারের সদস্যগণ যারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট শাহাদাত বরণ করেছেন তাদের আত্মার মাগফিরাত কামনা করে সভার কার্যক্রম শুরু করেন। আলোচনাকালে সভাপতি জানান যে, এখন পর্যন্ত মন্ত্রণালয় থেকে কোন কর্মসূচি পাওয়া যায়নি। তবে গতকাল ০৫.০৮.২০২০ খ্রি. তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে কর্মসূচি পালনের নিমিত্ত এক সভা হয়। সভায় স্বাস্থ্য বিধি মেনে যে সকল কর্মসূচি গ্রহণের জন্য প্রস্তাব করা হয় তা সভাপতি সভায় উল্লেখ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন) জনাব মোঃ মিজানুর রহমান গত ২৫ জুলাই ২০১৯ খ্রি. তারিখে নিপোর্টে অনুষ্ঠিত স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকী পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অতঃপর পরিচালক (প্রশাসন) সভায় গুরুত্বপূর্ণ মতামত ব্যক্ত করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে জাতীয় শোক দিবস-২০২০ পালন উপলক্ষে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ বাস্তবায়নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম.	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/কমিটি
১.	জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানিয়ে ৬ আগস্ট ২০২০খ্রি. তারিখে নিপোর্ট প্রধান কার্যালয়ের ফটোকের সামনে ২টি ব্যানার স্থাপন করতে হবে।	কেয়ার টেকার(নিপোর্ট)/ডকুমেন্টেশন অফিসার(নিপোর্ট)
২.	সকল আরপিটিআই এবং সকল আরটিসিতে জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানিয়ে প্রধান ফটোকের সামনে ব্যানার স্থাপন করতে হবে।	অধ্যক্ষ আরপিটিআই (সকল) এবং প্রশিক্ষণ কর্মকর্তা আরটিসি (সকল)।
৩.	জাতীয় শোক দিবসে কালো ব্যাজ ধারণ করে নিপোর্ট প্রধান কার্যালয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করার জন্য সকাল ৯.০০টায় উপস্থিত হবেন। নিপোর্ট প্রধান কার্যালয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে সকাল ১০.০০ টায় নিপোর্টের পক্ষ থেকে মহাপরিচালকের নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণ করা হবে। অতঃপর কর্মকর্তা কল্যাণ এ্যাসোসিয়েশনের পক্ষ থেকে সভাপতি জনাব মোহাম্মদ আহসানুল আলম ও কর্মচারীদের পক্ষে জনাব মো. মাহবুবুর রহমান পুষ্পস্তবক অর্পণ করবেন।	উপপরিচালক (প্রশাসন), সভাপতি, কর্মকর্তা কল্যাণ সমিতি/সভাপতি কর্মচারী এ্যাসোসিয়েশন।
৪.	১৫ আগস্ট, ২০২০ তারিখ শনিবার জাতীয় শোক দিবস উপলক্ষে নিপোর্ট প্রধান কার্যালয়, সকল আরপিটিআই এবং সকল আরটিসিতে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।	উপপরিচালক (প্রশাসন)/অধ্যক্ষ/আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট/প্রশিক্ষণ কর্মকর্তা, আরটিসি
৫.	নিপোর্ট প্রধান কার্যালয় সকল আরপিটিআই এবং সকল আরটিসিতে স্বাস্থ্য বিধি অনুসরণ করে কোরানখানি, বাদ জোহর মিলাদ-মাহফিল এবং মোনাজাত এর ব্যবস্থা রাখতে হবে।	আলোচনা ও দোয়া মাহফিল উপ কমিটি। অধ্যক্ষ আরপিটিআই (সকল) এবং প্রশিক্ষণ কর্মকর্তা আরটিসি (সকল)।
৬.	নিপোর্ট প্রধান কার্যালয়ে ১২০ জনের মাঝে তবারক বিতরণের ব্যবস্থা করতে হবে।	তবারক প্রস্তুত ও ব্যবস্থাপনা উপ কমিটি।
৭.	১৫ আগস্ট, ২০২০ খ্রি. তারিখ বেলা ১১.০০টায় নিপোর্ট অডিটোরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। আলোচনা সভা শেষে দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে।	আলোচনা ও দোয়া মাহফিল উপকমিটি।

